ভোরের কাগজ

207

তারিখ ... SEP. 1 8 1999
পৃষ্ঠা ৩ কলাম ৪

# এম এ হাসেম কলেজের পাসের হার ১৫%, অভিভাবকরা ক্ষুব্ধ

বেগমগঞ্জ (নোয়াখালী) প্রতিনিধি : এ বছর এইচএসসি পরীক্ষার ফলাফল মারাত্মকভাবে খারাপ হওয়ায় এম এ হাসেম কলেজের ছাত্রছাত্রী ও অভিভাবকদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে।

জানা যায়, এ বছর এম এ হাসেম কলেজ থেকে ৯৩ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে মাত্র একজন ছাত্র ও ১৩ ছাত্রী পাস করেছে। পাসের হার মাত্র ১৫%। একজন ছাত্রী পাস করেছে প্রথম বিভাগে। কলেজের এফলাফলে ছাত্রছাত্রী এবং অভিভাবকদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। কতিপয় ছাত্র অভিযোগ করে যে, শিক্ষকদের উদাসীনতা, দায়িত্বের প্রতি অবহেলা এবং দুর্নীতির কারণে ভালো লেখাপড়া না হওয়ায় এ বছর ফলাফল মারাত্মকভাবে খারাপ হয়েছে। তাদের অভিযোগ, বাংলা, ইংরেজি বিষয়ে পড়াশোনা হয় না বললেই চলে। সামান্য ছুতো পেলেই শিক্ষকরা কলেজে আসেন না। ফলে ক্লাসও অনেক সময় হয় না। কলেজ পরিচালনা কমিটি নিয়ম শৃঙ্খলার প্রতি সম্পূর্ণ উদাসীন হওয়ায় কলেজে পড়াশোনার মান অত্যন্ত নিম্নমুখি।